

উত্তরপাড়ার তিন শিক্ষা প্রতিষ্ঠানে সৌরবিদ্যুৎ চালু

নিজস্ব সংবাদদাতা

উত্তরপাড়া।

১৩ মে, ২০১৭, ০৩:১৫:০১

শেষ আপডেট: ১৩ মে, ২০১৭, ১০:০৬:৫৬

34



উদ্বোধন: উত্তরপাড়ার একটি স্কুলে শোভনদেব চট্টোপাধ্যায়। নিজস্ব চিত্র

কেন্দ্র-রাজ্য যৌথ উদ্যোগে শুক্রবার উত্তরপাড়ার একটি মহিলা কলেজ এবং দু'টি স্কুলে চালু হল সৌরবিদ্যুৎ ব্যবস্থা। উদ্বোধন করলেন রাজ্যের বিদ্যুৎমন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায়।

তিনটি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে নিঃসম্বলানন্দ মহিলা কলেজে ২০ কিলোওয়াট, ভদ্রকালী ভূপেন্দ্র স্মৃতি বিদ্যালয়ে ১০ কিলোওয়াট এবং উত্তরপাড়া অমরেন্দ্রনাথ বিদ্যাপীঠে ১০ কিলোওয়াট ক্ষমতাসম্পন্ন বিদ্যুৎ ব্যবস্থা হয়েছে। মাস কয়েক আগেই ভদ্রকালী হাইস্কুলে একই ব্যবস্থা চালু হয়। এই নিয়ে উত্তরপাড়ার মোট চারটি স্কুলের ছাত্রছাত্রীরা সৌরবিদ্যুৎ ব্যবহারের সুযোগ পাচ্ছে।

প্রশাসন সূত্রে জানা গিয়েছে, এ দিন যে তিন শিক্ষা প্রতিষ্ঠানে সৌরবিদ্যুৎ চালু হল, তার জন্য খরচ হয়েছে ৩৬ লক্ষ টাকা। ৭০ শতাংশ দিয়েছে রাজ্য। ৩০ শতাংশ কেন্দ্র। বিদ্যুৎমন্ত্রী বলেন, “উষ্ণায়নের মোকাবিলায় গাছ লাগানোর পাশাপাশি অচিরাচরিত বিদ্যুতের ব্যবহার বাড়তে হবে। আমরা যখন ক্ষমতায় আসি তখন এ রাজ্যে ৫৫ শতাংশ মানুষের ঘরে বিদ্যুৎ ছিল। এখন ৯৯ শতাংশেরও বেশি মানুষের ঘরে বিদ্যুৎ পৌঁছে গিয়েছে।”

বিদ্যুৎমন্ত্রীর উপস্থিতির জন্য তিনটি শিক্ষা প্রতিষ্ঠানকেই সাজানো হয়েছিল। সাংস্কৃতিক অনুষ্ঠান হয়। উত্তরপাড়া অমরেন্দ্রনাথ বিদ্যাপীঠের প্রধান শিক্ষক অভিজিৎ পালের উদ্যোগে ছাত্রছাত্রীদের অনুষ্ঠানটি ঠিল রীতিমতো উপভোগ্য। স্কুলের সভাপতি উৎপলাদিত্য বন্দ্যোপাধ্যায় বলেন, “রাজ্য সরকার এই প্রকল্প কার্যকর করতে উদ্যোগী হওয়ায় স্কুলের বিদ্যুৎ খরচ কমবে।” পুরপ্রধান দিলীপ যাদব জানান, বিদ্যুৎ খরচ না হলে এই সব স্কুল-কলেজগুলো সিইএসসি-কে বাড়তি বিদ্যুৎ বিক্রি করতে পারবে। তাতে প্রতিষ্ঠানগুলির আয়ের পথও খুলবে।

TAGS : [Solar Power](#) [Uttarpara](#) [School](#)